

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moef.gov.bd

স্মারক নং-২২.০০.০০০০.০৫১.১৬.০১০.১৮-৮৬

তারিখ- ১৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ


বিষয়: রুলস অব বিজনেস এর রুল-২৬ অনুযায়ী বিদেশে প্রেরিত জাতীয় পর্যায়ের প্রতিনিধিদলের (মাননীয় মন্ত্রী বা উপমন্ত্রীর নেতৃত্বে) প্রত্যাবর্তন-পরবর্তী প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ

সূত্র: ১। ০৪.০০.০০০০.৩১১.০৬.৪১৩.২০-৪৩, তারিখ-১৬ জানুয়ারি ২০২০
২। ২২.০০.০০০০.০৮৫.১৬.০০১.১৯-২৯, তারিখ-২৮ জানুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বা উপমন্ত্রী জাতীয় পর্যায়ের প্রতিনিধি দলের প্রতিনিধি হিসেবে বিদেশ সফর শেষে দেশে ফেরত আসার পর রুলস অব বিজনেস এর রুল-২৬ অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রম আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে:

- সফর সংশ্লিষ্ট কর্মকর্তা ৩ (তিন) কার্য দিবসের মধ্যে উক্ত সফর সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন;
- সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কর্মকর্তা অনূর্ধ্ব ১ (এক) সপ্তাহের মধ্যে উক্ত প্রতিবেদনের উপর মাননীয় মন্ত্রী/ উপমন্ত্রীর অনুমোদন গ্রহণ করবেন;
- অনুমোদিত প্রতিবেদন মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য যথাযথ সারসংক্ষেপসহ অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহানা ইয়াছমিন)
উপসচিব
ফোন-৯৫৪৯০৭২

ই-মেইল-admin1@moef.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- প্রধান বন সংরক্ষক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন, মহাখালী, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, প্রধান কার্যালয়, ই-১০-১৩, এমএকে খলিল সড়ক, বিএফআরআই, ষোলশহর, চট্টগ্রাম।
- যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
- পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
- উপসচিব(সকল) /উপপ্রধান(সকল)/সিনিয়র সহকারী প্রধান/সচিব(সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।